

# IDMT রিডার নির্দেশিকা
## এন্ড্রয়েড


### IDMT রিডার

IDMT রিডার IDMT বই গুলো স্বাচ্ছন্দ্যভাবে পড়ার জন্য তৈরি। প্রতিটি বইতে রয়েছে অসংখ্য সহযোগী মাধ্যম যা পড়ার সাথে সাথে সেগুলো বুঝার জন্য উপকারী।

### ডাউনলোড ও ইন্সটল করা








**IDMT** অ্যান্ড্রয়েড এপটি ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে:

http://idmt.ebmeb.gov.bd

ডাউনলোড শেষ হলে এটি মেমোরী কার্ড/ফোন মেমোরীর “Downloads” ফোল্ডারে থাকবে। সেখান থেকে APK ফাইলটির ওপর ক্লিক করে এটি ইন্সটল করতে হবে। ইন্সটল করার পর এপটি চালু করলে নিচের ছবির মত দেখা যাবে। এখানে উপরের বারটিতে আইকন গুলো কি নির্দেশ করে তা নিচে দেয়া হল:





১ IDMT তে নর্তুন বই লোড করা।

২ সার্ভ্রর থেক নর্তুন বই ডাউনেলাড করা।

**IDMT তে বই লোড করা**


সার্ভার থেকে নতুন বই ডাউনলোড করার আইকনটিতে (২) ক্লিক করে সার্ভার থেকে বই ডাউনলোড করা যাবে। সার্ভার থেকে এভাবে ডাউনলোড করা বই সয়ংক্রিয়ভাবে IDMT তে লোড হবে। এছাড়া অন্য উপায়ে সংগ্রহ করা বই IDMT রিডারে লোড করার জন্য নতুন বই লোড করার আইকনটিতে (১) ক্লিক করতে হবে। নিচে ছবির মাধ্যমে এগুলো দেখানো হলো:





প্রথম চিত্রটিতে দেখানো হয়েছে ২ আইকনে ক্লিক করে বই ডাউনলোড করার চিত্র। দ্বিতীয় চিত্রে দেখানো হয়েছে ১ আইকনে ক্লিক করে ফোনের মেমোরী থেকে বই লোড করার চিত্র। বই লোড করার পর তৃতীয় চিত্রের মত বইটি বইয়ের তালিকায় চলে আসবে। এখানে বইয়ের উপর ক্লিক করলে বইটি IDMT রিডারে পড়ার জন্য খুলবে।

## IDMT রিডারে বই পড়া

নিচের চিত্রে বই খোলা অবস্থায় রিডারের চিত্র দেখানো হলো এবং কোন বাটন কি কাজ করে তা দেখানো হলো।




 বইয়ের কোন পৃষ্ঠাকে বুকমার্ক করে রাখা।

 বইয়ের সূচিপত্র, বুকমার্ক করে রাখা পৃষ্ঠাগুলোর লিস্ট ইত্যাদি। এখান থেকে সহজে সূচিপত্রের যেকোন অংশে সহজে যাওয়া যাবে

 বইয়ে কোন কিছু খুজে বের করা বা সার্চ করা

## বিশেষ সুবিধাবলী

নিচে IDMT রিডারের বিশেষসুবিধাবলী দেয়া হলো।

**বুকমার্ক:**
কোন পৃষ্ঠায় বুকমার্ক বাটনে ক্লিক করে এই পাতাটিকে বুকমার্ক করে রাখা যাবে। প্রয়োজন অনুসারে পরে এই পাতাটিতে আবার দ্রুত যেতে ইনডেক্স বাটনে ক্লিক করে বুকমার্ক লিস্ট থেকে ঐ বুকমার্কটিকে বাছাই করতে হবে।


**হাইলাইট:**
কোন শব্দে সামান্য দীর্ঘ সময় প্রেস করলে একটি পপ-আপ আসবে, যেখান থেকে শব্দটি হাইলাইট এবং ঐচ্ছিকভাবে হাইলাইটের সাথে নোট রাখা যাবে।

**হাইপারলিংক:**
IDMT বই গুলোতে বিভিন্নরকম হাইপারলিংক রয়েছে। এগুলো মূলত নীল রং দিয়ে চিহ্নিত। এর প্রকারভেদ গুলো হলো:

- শব্দার্থ
- আরবী তিলাওয়াত
- অডিও প্লে ব্যাক
- ভিডিও
- এনিমেশন
- ছবি

একটি হাইপারলিংকের সাথে উপরের মিডিয়াগুলোর মধ্যে এক বা একাধিক থাকতে পারে। নিচে কিছু উদাহরণ দেয়া হলো।





প্রথম চিত্রে নীল রঙের লেখা দিয়ে বিভিন্ন হাইপারলিংক বুঝানো হয়েছে। যেমন এখানে তিনটি নীল রঙের লেখা রয়েছে। প্রথম ও তৃতীয় হাইপারলিংকে রয়েছে শব্দার্থ, এবং দ্বিতীয় হাইপারলিংকে রয়েছে তিলাওয়াত। শব্দার্থের হাইপারলিংকে ক্লিক করলে দ্বিতীয় চিত্রের মত শব্দের অর্থটি দেখানো হবে।


কোন তিলাওয়াত বা অডিও হাইপারলিংকে ক্লিক করলে তা শোনা যাবে।

এছাড়া বইয়ের যেকোন ছবিতে ক্লিক করলে ছবিটি আলাদাভাবে খুলে যাবে, সেখানে ছবিটিকে জুম করে ভালমত দেখা যাবে। নিচে এটা দেখানো হলো:




IDMT রিডার ও বইগুলোতে অনুশীলনীর জন্য রয়েছে বিশেষ ব্যবস্থা। অনুশীলনীর প্রশ্নগুলোর উত্তর রিডারের ভেতরের সংরক্ষন করা যাবে এবং প্রয়োজনে তা ডাউনলোড বা ইমেইল করা যাবে।

নিচে প্রথম চিত্রে বইয়ের একটি অনুশীলনী দেখানো হলো দেখানো হলো। কোন প্রশ্নে ক্লিক করলে তা উত্তর দেয়ার দেয়ার জন্য একটি উইনডো খুলে যাবে। সেখানে প্রশ্নটির উত্তর দিয়ে তা সংরক্ষন বা Save করা যাবে। এটি দ্বিতীয় চিত্রে দেখানো হলো।


9:06 PM

ফলে মানুষের চরিত্র বিশুদ্ধ ও মার্জিত হতে পারে, ততটুকু তাসাওফ শিক্ষা করা ফরযে আইন। (দুররুল মোখতার)

## অনুশীলনী

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন:

১. عقائد অর্থ কী?

ক. বন্ধন
খ. কর্মফল
গ. একত্ববাদ
ঘ. আনুগত্য

২. দীনের প্রথম স্তম্ভ কোনটি?

ক. ইমান
খ. সালাত
গ. যাকাত

